



স্মারক নম্বর: নম্বর: ২৮.০৮.০০০০.০০১.০৭.১৩৪.২২/৩৬৪৭

তারিখ: ৬/০৫/২০২৩ খ্রিঃ।

অফিস আদেশ

বিস্ফোরক পরিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর (১.১.১) কর্মসম্পাদন সূচক লক্ষ্যমাত্রা অনুসারে সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত লক্ষ্যমাত্রা থাকায় সদর দপ্তর এবং আঞ্চলিক কার্যালয়সমূহ হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণা/আইডিয়া হতে সিটিজেন চার্টারভূক্ত সেবাসমূহের মধ্যে চ ফরমে এলপিজি গ্যাসপূর্ণ সিলিভার এবং এলপিজি ব্যতীত গ্যাসপূর্ণ সিলিভার অধিকারে রাখার লাইসেন্স মঞ্জুরের জন্য নকশা অনুমোদন সংক্রান্ত প্রাতিষ্ঠানিক সেবাটি সহজীকরণ করা হয়েছে। আঞ্চলিক কার্যালয়সমূহ হতে প্রেরিত নকশা অনুমোদনের প্রস্তাব সদর দপ্তরে ডাক গ্রহণ, নিরীক্ষণ, উপস্থাপন এবং অনুমোদন শেষে নকশা পুনরায় আঞ্চলিক কার্যালয়সমূহে প্রেরণ করা হয়। এতে মোট ২৫ টি ধাপে ৩১ দিন সময় অতিবাহিত হয়। নকশা অনুমোদনের ক্ষমতা আঞ্চলিক কার্যালয়সমূহের দপ্তর প্রধান এর নিকট অর্পন করলে নাগরিকদের সময়, অর্থ এবং ডিজিটের পরিমাণ কমবে। প্রস্তাবিত প্রসেস ম্যাপ অনুসারে শুধুমাত্র আঞ্চলিক কার্যালয়সমূহে আবেদন প্রাপ্তি, নকশা অনুমোদন, নিরীক্ষণ এবং লাইসেন্স মঞ্জুরের ক্ষেত্রে ১২ টি ধাপে ১৩ দিন সময় প্রয়োজন হবে। এতে সেবার ধাপ ও সময় কমবে এবং সেবা গ্রহীতাগণ উপকৃত হবেন।

২। বিস্ফোরক অ্যাক্ট ১৮৮৪ ও তদধীন প্রণীত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১১১, গ্যাস সিলিভার বিধিমালা, ১৯৯১ এর বিধি ৪৩ এবং প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক সময় সময় প্রদত্ত এতদসংক্রান্ত নির্দেশনাবলী পালন সাপেক্ষে নিম্ন ছকের ১ম কলামের লাইসেন্সের বিপরীতে ২য় কলামে লিপিবদ্ধ কার্যক্রম গ্রহণের ক্ষমতা বিভাগীয় কার্যালয়ের বিস্ফোরক পরিদর্শক, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশালকে তাদের স্ব স্ব অধিক্ষেত্রের জন্য অর্পন করা হলো:

| লাইসেন্সের উদ্দেশ্য, কার্যক্রম ও ফরমের নাম | কার্যক্রম |
|---|---|
| তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১১১(৪) অনুসারে এলপিজিপূর্ণ সিলিভার অধিকারে রাখার চ ফরম লাইসেন্স মঞ্জুর/সংশোধন/ হস্তান্তরের জন্য নকশা অনুমোদন এবং গ্যাস সিলিভার বিধিমালা, ১৯৯১ এর বিধি ৪৩(৪) অনুসারে গ্যাসপূর্ণ সিলিভার অধিকারে রাখার চ ফরম লাইসেন্স মঞ্জুর/সংশোধন/হস্তান্তরের জন্য নকশা অনুমোদন। | লাইসেন্স মঞ্জুর/সংশোধন/ হস্তান্তরের জন্য নকশা অনুমোদন |

স্বাক্ষরিত

(মোহা: নামেব আলী)

যুগ্মসচিব

প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ

টেলিফোন : ২২২২২৫২৫৮

স্মারক নম্বর: নম্বর: ২৮.০৮.০০০০.০০১.০৭.১৩৪.২২

তারিখ: ১০/৫/২০২৩ খ্রিঃ।

অনুলিপি:

১। বিস্ফোরক পরিদর্শক, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল

২। নপি নং বি:প: ২(২৬)

(মোহা: নামেব আলী)

যুগ্মসচিব

প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ